

নাগরিকত্ব বিধি, ২০০৩ এর পরিশিষ্টের ৫ নং দফার অধীনে এন আর সি'র অতিরিক্ত তালিকা প্রকাশ

২৬ জুন ২০১৯ তারিখে প্রকাশিত হতে চলা খসড়া এন আর সি'র অতিরিক্ত তালিকায় দাবী এবং নিষ্পত্তির ফলাফল থাকবে না।

৩০-০৭-২০১৮ তারিখে প্রকাশিত সম্পূর্ণ খসড়া এন আর সি'তে নাম অন্তর্ভুক্তির পর অযোগ্য বিবেচিত হওয়া ব্যক্তিদের নাম সন্নিবিষ্ট করে খসড়া এন আর সি'র অতিরিক্ত "বাদ পরা" একটি তালিকা ২৬-০৬-২০১৯ তারিখের সকাল ১০:০০ টায় প্রকাশিত হবে। অযোগ্য বিবেচিত হওয়ার কারণঃ

- ১। খসড়া এন আর সি' প্রকাশের পর পরিশিষ্টের ৪(৩) দফার অধীনে কার্যকরী হওয়া পরীক্ষণমৰ্মে কোন কারণবশতঃ, যেমন 'ডি ভি' (DV-Doubtful Voter-সন্দেহজনক ভোটার) বা 'ডি এফ' (DF-Declared Foreigner-ঘোষিত বিদেশী) বা 'পি এফ টি' (PFT-Persons with cases pending at Foreigners Tribunals-বিদেশী ন্যায়াধীকরণে মামলা বিচারাধীন ব্যক্তি) যা প্রযোজ্য হবে সেই অনুসূরে তাদের বা তাদের নাতি-নাতনীরূপে পরিগণিত হয়ে অযোগ্য বিবেচিত হওয়া।
- ২। দাবী (Claims) এবং আপত্তি (Objection) নিষ্পত্তির জন্য অনুষ্ঠিত শুনানীতে শুধু সাক্ষী হিসাবে উপস্থিত হওয়ার সময় অযোগ্যরূপে পরিগণিত হওয়া।

মনে রাখবেন, এই অতিরিক্ত তালিকায় শুধু অযোগ্য বিবেচিত ব্যক্তিদের নামই থাকবে।

জনসাধারণের দেখার জন্য খসড়া এন আর সি'র অতিরিক্ত তালিকা নীমে উল্লেখ করা ধরণে প্রকাশ করা হবে (কার্য্যালয় চলা সময়ে):

- (১) নিম্নালিত এন আর সি' সেবা কেন্দ্রে (এন এস কে)
- (২) জেলা উপায়ুক্ত/ মহকুমাধিপতি (অসমীয়াক)/ চক্ৰ আধিকারিকের কার্য্যালয় - যেখানে, গ্রাম/ ওয়ার্ড নিয়ে অতিরিক্ত তালিকা একত্রিতভাবে উপলব্ধ হবে
- (৩) 'অনলাইন' এন আর সি'র ওয়েবসাইট www.nrcassam.nic.in

"Complete Draft NRC Viewing Link" (খসড়া এন আর সি' ভিউইং লিংক) লিঙ্ক (click) করে অতিরিক্ত তালিকা 'অনলাইন' দেখা যাবে। যেসব ব্যক্তিদের খসড়া এন আর সি'র স্থিতি (Draft Status) অতিরিক্ত তালিকাবশত: "বাদ পরা" (Exclusion) যা পরিবর্তিত হবে, তাদের খসড়া এন আর সি'তে "**Excluded in Additional List**" (অতিরিক্ত তালিকায় বাদ পরল) মন্তব্য দ্বারা চিহ্নিত হবে (২৬ জুন, ২০১৯ তারিখের সকাল ১০:০০ টা থেকে শুরু হবে)। ৩০-০৭-২০১৮ তারিখে প্রকাশিত খসড়া এন আর সি'তে ইতিমধ্যে নাম অন্তর্ভুক্ত হওয়া এবং অতিরিক্ত তালিকার দ্বারা প্রত্যাবাসিত না হওয়া ব্যক্তিদের খসড়া এন আর সি'র স্থিতি (Draft Status) অপরিবর্তিত রূপে প্রকাশিত হবে।

পরিশিষ্টের ৫ নং দফার অধীনে প্রকাশ হওয়া অতিরিক্ত তালিকা (বাদ পরা)ত কোন ব্যক্তির নাম তালিকাভুক্ত হ'লে কি হবে?

যেসব ব্যক্তির নাম বাদ পরবে তাদেরকে তাদের বাসস্থানের ঠিকানায় পত্রযোগে (Letter of Information) জানানো হবে। এই ব্যক্তিরা তাদের দাবী দাখিল করার সুযোগ পাবেন। এসব দাবী নিষ্পত্তিকারী আধিকারিকরা শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করবেন। দাবী দাখিল এবং নিষ্পত্তিকারী আধিকারীক দ্বারা দাবী নিষ্পত্তি করার কাজ একই সংগে হবে। বিজ্ঞপ্তিপত্রে (LOI) দাবী দাখিল করা কেন্দ্র এবং শুনানী কেন্দ্রের বিষয়ে সর্বিশেষ উল্লেখ থাকবে। ৩১-০৭-২০১৯ তারিখে চূড়ান্ত এন আর সি' প্রকাশ করার পূর্বে এই দাবীগুলোর নিষ্পত্তি করা হবে।

নাগরিকপঞ্জী উন্নীতকরণের সমগ্র প্রক্রিয়াটি নিখুঁত, নিরপেক্ষ এবং ফলপ্রসূভাবে মহামান্য উচ্চতম ন্যায়ালয়ের আদেশ এবং পর্যবেক্ষণে রূপায়ন করা হচ্ছে।

১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) 'কাট-অফ' তারিখ পর্যন্ত সব প্রকৃত ভারতীয়ের নাম চূড়ান্ত নাগরিকপঞ্জীতে সন্নিবিষ্ট হবে।

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি',
অসম সরকার

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক,
গৃহ মন্ত্রণালয়, ভাৰত সরকার

জনহিতার্থে প্রচারিত

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের | ১৫১০৭ (অসমের জন্য)
হেল্পলাইন নম্বরে ফোন কৰুন | ১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাইরে থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

f nrcassam t @NRCCupdateAssam এ
আমাদের অনুসরণ কৰুন